

Date : 30-01-2017

Enclosed is the news clipping of 'Ekdin' a Bengali daily dated 30th January 2017, the news item is captioned 'নাবালিকা ছাত্রীকে ধর্ষণ ও খুন, বাঁকুড়ায় প্রেসার তিন'.

S.P. Bankura is directed to furnish a report to the Commission within four weeks, i.e. 02.03.2017 enclosing thereto :-

- address and particulars of the parents of the deceased.
- copy of the FIR lodged by deceased's father.
- P.M. report.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M. S. Dwivedy)
Member

একদিন ৩০/৪/২০১১

নাবালিকা ছাত্রীকে ধর্ষণ ও খুন, বাঁকুড়ায় গ্রেপ্তার তিন

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: সপ্তম শ্রেণির নাবালিকা এক ছাত্রীকে ধর্ষণ করে খুন এবং এই কাজে সাহায্য করার অভিযোগে নারায়ণ দুলে (৩৭) নামের এক যুবক-সহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের মধ্যে একজন মহিলা ও একজন নাবালিকা। এর বাড়ি বাঁকুড়ার ইন্দপুর থানার রামচন্দ্রপুর। রবিবার ধৃতদের খাতড়া মহকুমা আদালতে তোলা হয়। কিন্তু জুভেনাইলে এদিন নাবালিকার বিচার না হওয়ায় তাদের ফের পুলিশি হেপাজতে নিয়ে যাওয়া হয়। আজ, সোমবার তাদের ফের আদালতে তোলা হবে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মোদিনা গ্রামের ওই নাবালিকা ছাত্রী স্থানীয় জগৎপুর হাইস্কুলে সপ্তম শ্রেণিতে পড়ত। চলতি মাসের ২২ তারিখে এক

প্রতিবেশীর বিয়ের প্রীতিভোজ অনুষ্ঠানে যায় সে। রাত আটটা নাগাদ প্রীতিভোজ খাওয়ার পর থেকেই নিখোঁজ ছিল সে। ঘটনার চারদিন পর বৃহস্পতিবার সকালে গ্রামের একটি গুরুব পাড়ের পাশের ঝোপে অর্ধনগ্ন অবস্থায় ওই ছাত্রীর মৃতদেহ পড়ে থাকতে দেখেন গ্রামবাসীরা। পরে তালডাংরা থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। মৃত স্কুল ছাত্রীর পরিবারের অভিযোগ, চক্রান্ত করে তাকে গণধর্ষণ করে খুন করা হয়েছে। মৃত ওই ছাত্রীর বাবার লিখিত এই অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্তে নেমে তিনজনকে গ্রেপ্তার করে। খাতড়ার এসডিপি ও বিষপ সরকার বলেন, 'মৃত ছাত্রীর বাবার লিখিত অভিযোগের প্রেক্ষিতে ঘটনার তদন্তে নেমে এদের গ্রেপ্তার করা হয়েছে। পুরো ঘটনা তদন্ত করা হচ্ছে।'

বাড়িতে চরি